

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৩৮

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - গরীবদের ফ্যীলত ও নবী (সা.) -এর জীবন-যাপন

الفصل الاول _ (بَابُ فَضْل الْفُقَرَاءِ وَمَا كَانَ مِنْ عَيْشِ النَّبِيّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ)

আরবী

وَعَن سعيد المَقْبُرِي عَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّهُ مَرَّ بِقَوْمٍ بَيْنَ أَيْدِيهِمْ شَاةٌ مَصْلِيَّةٌ فَدَعَوْهُ فَأَبَى أَنْ يَعْن سَعِيد المَقْبُرِي عَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّهُ مَرَّ بِقَوْمٍ بَيْنَ أَيْدِيهِمْ شَاةٌ مَصْلِيَّةٌ فَدَعَوْهُ فَأَبَى أَنْ يَعْن فَيُ شَاهُ مَنْ خُبْزِ الشَّعِيرِ. رَوَاهُ الْبُخَارِيُّ يَأْكُلُ وَقَالَ: خَرَجَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَمْ يَشْبَعْ مِنْ خُبْزِ الشَّعِيرِ. رَوَاهُ الْبُخَارِيُّ

رواه البخارى (5414) ـ

(صَحِيح)

বাংলা

৫২৩৮-[৮] সাঈদ আল মাকবুরী (রহিমাহুল্লাহ) আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণনা করেছেন। একদিন তিনি এমন এক সম্প্রদায়ের নিকট দিয়ে অতিক্রম করলেন যাদের সম্মুখে উপস্থিত করা হয়েছিল ভুনা করা বকরী। তারা খাওয়ার জন্য আবূ হুরায়রাহ্ (রাঃ)-কে ডাকলেন; কিন্তু তিনি এ বলে খেতে অস্বীকার করলেন যে, নাবী (সা.) এই দুনিয়া থেকে বিদায় নিয়েছেন, অথচ তিনি যবের রুটি দ্বারাও পরিভৃপ্ত হতে পারেননি। (বুখারী)

ফুটনোট

সহীহ বুখারী ৫৪১৪, শুআবুল ঈমান ৫৬৫৮, সহীহ আতৃ তারগীব ওয়াতৃ তারহীব ৩২৬৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসের বর্ণনাকারী 'সা'ঈদ', কোন কোন সংস্করণে "আবু সা'ঈদ" বলে উল্লেখ রয়েছে। কিন্তু এটা ভুল এবং নির্ভরযোগ্য মূলনীতির পরিপন্থী। কিছু গবেষক দ্বারা বিশুদ্ধ সংস্করণে "সা'ঈদ ইবনু আবু সাঈদ আল মাকবুরী" বলে উল্লেখ রয়েছে। আবু সাঈদ-এর আসল নাম কায়সান। তিনি কবরস্থানের কাছে বাস করতেন বলে তাকে মাকবুরী বলা হয়। আবু হুরায়রাহ্ (রাঃ) রাসূলুল্লাহ (সা.) -এর জীবদ্দশায় খানা-খাদ্যের চিত্র স্মরণ করে



মজাদার লোভনীয় ভুনা বকরির গোশত খাওয়ার আহ্বান পেয়েও তা বর্জন করেছেন। এটা ছিল তাঁর নাবী প্রেমের চরম নিদর্শন এবং দুনিয়াবিমুখ জীবনের অন্যতম প্রমাণ।

(মিরকাতুল মাফাতীহ; ফাতহুল বারী হা. ৫৪১৪, আল কাশিফ ১০ম খণ্ড, ৩৩১১ পৃষ্টা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সাঈদ আল-মাকবুরী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন